



## জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া

স্মারক নং- ৪৩.২০.৫০০০.০০০৩৮.০০১.২৩.৪০৭২(৩৫)

তারিখ : ২১ সেপ্টেম্বর, ২০২৩খ্রি.

বিষয় : গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এঁর ৭৭তম জন্মদিন-২০২৩ উদযাপন উপলক্ষ্যে শিশু, কিশোর ও যুবকদের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণের বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এঁর ৭৭তম জন্মদিন-২০২৩ উদযাপন উপলক্ষ্যে দেশব্যাপী শিশু, কিশোর ও যুবকদের অংকিত চিত্রকর্মের প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতার অংশ হিসেবে আগামী ২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখ বুধবার বিকাল ৩:০০টায় জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়াতে শিশু, কিশোর ও যুবকদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অংশগ্রহণ করতে আগ্রহী প্রতিযোগীদের উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের অনুরোধ জানানো যাচ্ছে।

## প্রতিযোগিতার নিয়মাবলী

তারিখ ও সময়	বিভাগ	প্রতিযোগিতার বিষয়	প্রয়োজনীয় নির্দেশনা
২৭/০৯/২০২৩খ্রি. রোজ বুধবার সময়: বিকাল ৩:০০টা	ক বিভাগ: প্রথম থেকে পঞ্চম শ্রেণি	"বাংলাদেশ ও শেখ হাসিনা"	কাগজের মাপ অবশ্যই ১৬ইঞ্চি x ১১ ইঞ্চি সাইজের হতে হবে। ছবির পিছনে শিল্পীর নাম, ঠিকানা, বিভাগ, শ্রেণি ও মোবাইল নং অবশ্যই উল্লেখ করতে হবে।
	খ বিভাগ : ষষ্ঠ থেকে দশম শ্রেণি	"উন্নয়নের মহাকবি ও মানবতার মা"	
	গ বিভাগ : একাদশ থেকে দ্বাদশ শ্রেণি	"স্মার্ট বাংলাদেশের রূপকার জননেত্রী শেখ হাসিনা"	
মাধ্যম : রং পেন্সিল, পোস্টার রং, প্যাস্টেল রং ও জল রংসহ যে কোন মাধ্যম।			

চিত্রাঙ্কন প্রতিযোগিতার জন্য শুধুমাত্র কার্টিজ পেপার সরবরাহ করা হবে, অন্যান্য সামগ্রী প্রতিযোগির সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, সারাদেশ থেকে প্রাপ্ত বাছাইকৃত চিত্রকর্মসমূহ নিয়ে জাতীয় পর্যায়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় ১টি গ্রান্ড পুরস্কারসহ উপজেলা, জেলা ও মহানগর পর্যায়ে মোট ৭৭টি পুরস্কার প্রদান করা হবে।

(স্বাক্ষর: সাজিদ রহমান) / ২০২৩

জেলা কালচারাল অফিসার  
জেলা শিল্পকলা একাডেমি  
কুষ্টিয়া।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

২। জেলা প্রশাসক, কুষ্টিয়া।

৩। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া। (কার্যার্থে)

৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া। (কার্যার্থে)

৫। প্রাপক... ১। অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া। ..... , কুষ্টিয়া।

৬। অফিস নথি।